

সিডনির লোকাল শিল্পীদের জন্য Gangchil HD নিয়ে এসেছে একটি দারুণ সুযোগ।

Gangchil HD চ্যানেল এর এবারের এই আয়োজন “Old is Gold” বরাবরের ন্যায় এবারও চমক নিয়ে আসছে দর্শকদের জন্য। Sanjay Tabu বলেন, “চ্যানেলটি শুধু মাত্র সিডনির শিল্পীদের নিয়ে নয় বরং অস্ট্রেলিয়ায় বসবাসকারী বাঙালি শিল্পীদের নিয়েও আগামীতে কাজ করতে বদ্ধপরিকর এবং এটি একটি চলমান প্রক্রিয়া”।

দেশীয় সংগীতকে আন্তর্জাতিক মানসম্পন্ন

করে উপস্থাপন করাই এই আয়োজনের মূল উদ্দেশ্য। এবারের এই বিশেষ আয়োজনটি করা হচ্ছে আয়োজকদের কোনরকম আর্থিক লাভ ছাড়াই।

টাবু সঞ্জয় বলেন, “এই প্ল্যাটফর্মে শুধু মাত্র সিডনিবাসী নয় আমরা ধীরে ধীরে অস্ট্রেলিয়ায় বসবাসকারী বাঙালি শিল্পীদের নিয়ে কাজ করতে আগ্রহী।” গ্যাংচিল অনেকদিন ধরেই প্রবাসে শিল্পীদের নিয়ে কাজ করেছে। কিন্তু এই প্রথম সকল সুবিধা সহ আধুনিক স্টুডিওতে গান ধারণ করা হচ্ছে। তিনি আরও বলেন, “আমাদের দেশীয় সংগীতকে আন্তর্জাতিক অঙ্গনে পরিচিত করানোই এই প্রজেক্টের অন্যতম উদ্দেশ্য।” প্রতিনিয়ত বিভিন্ন ধারার মানসম্পন্ন পরিবেশনা ইতোমধ্যেই অস্ট্রেলিয়ার বাঙালি দর্শকের মাঝে দারুণ জনপ্রিয়তা অর্জন করেছে এই অনলাইন চ্যানেলটি।

প্রোডিউসর এবং ডিরেক্টর টাবু সনজয়। কো-প্রোডিউসর তামমী পারভেজ। প্রথম পর্বে যারা ছিলেন অমিয়া মতিন, শুভ্রা মোসতারিন, সুশান্ত শেখর, সেতু এবং অনন্যা।

মিউজিকে, কিবোর্ডে রয়েছে সোয়েব। গিটারে মিতুল। বেজ গিটারে ইমন, জন। ড্রামে টাবু। ডোলে নামিদ।

মিউজিকে বিশেষ সহায়তায় রয়েছে কৃষ্টি ব্যান্ড।



